NOV. 20 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ভর্তি যুদ্ধ ॥ ভিকারুননিসায় প্রথম শ্রেণীতে ৭৫০টি আসনের জন্য ৪ সহস্রাধিক প্রার্থী

**ইত্তেফাক রিপোর্ট** ॥ নতুন শিক্ষাবর্ষ শুরু হতে আর মাত্র মাসাধিককাল বাকী। ইতিমধ্যেই নগরীর বিভিন্ন স্কুলে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। ভিকারুননিসা নুন

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ভর্তি যুদ্ধ

(শেষ পৃষ্ঠার পর)

স্কুলে শুধু প্রথম শ্রেণীর ৭০০টি আসনের জন্য ভর্তি ফরম কিনেছে ৪ হাজার ৫৩৮ জন ছাত্রী। ইংরেজী মাধ্যমে ৬ষ্ঠ শ্রেণীর ৬০টি আসনের জন্য ফরম বিক্রি হয়েছে ২৯০টি। ২৭, ২৮ ও ২৯শে নভেম্বর প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা শুরু হবে। ৩রা ডিসেম্বর ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হবে।

মতিঝিলস্থ আইডিয়াল স্কুলে ডিসেম্বরের প্রথম সপ্তাহে ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের চিন্তা-ভাবনা শুরু হয়েছে। আইডিয়ালে ১ম শ্রেণী হতে ৯ম শ্রেণী পর্যন্ত খালি আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। প্রথম শ্রেণীতে আসন সংখ্যা রয়েছে ৮০।

রাজধানীর ২৪টি সরকারী স্কুলে এবারও ৩টি গ্রুপের আওতায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। স্কুলগুলো হল এ গ্রুপ- গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়, বি গ্রুপে মতিঝিল সরকারী বালক বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলানগর সরকারী বালক বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ, ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়, সি গ্রুপে- ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলানগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, কামরুন্নেসা সরকারী বালক উচ্চ বিদ্যালয়, কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারী বালক উচ্চ বিদ্যালয়। একটি সূত্র জানায়, ডিসেম্বরের মাঝামাঝি সময়ে সরকারী স্কুলসমূহে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।